

# বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

ফার্মগেট, ঢাকা

দেশের অভ্যন্তরে উচ্চ শিক্ষার মুচলেকা

আমি ..... পিতা .....

মাতা ..... (পদবী) ..... (দপ্তরের নাম ও

ঠিকানা) .....

স্থায়ী ঠিকানা ..... এবং

আমার মনোনীত অভিভাবক/দায়িত্বশীল ব্যক্তি (পুরা নাম) .....

পিতার নাম ..... মাতার নাম .....

বর্তমান ও স্থায়ী ঠিকানা .....

(কোর্সের নাম) .....

(মেয়াদ) ..... (শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা)

.....

উচ্চ শিক্ষার প্রার্থী হিসাবে প্রতিজ্ঞা করিতেছি যেঃ

- ১। উপরোক্ত কোর্স নির্ধারিত ৪২ (বিয়াল্লিশ) মাস মেয়াদের মধ্যে কৃতকার্যতার সাথে সম্পন্ন করিব।
- ২। কোর্স সম্পন্ন হওয়ার পূর্বে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল/কৃষি মন্ত্রণালয় অন্যরূপ নির্দেশ প্রদান না করিলে কোর্সের মেয়াদ শেষ হওয়ার অব্যবহিত পরেই স্ব-দায়িত্বে ফিরিয়া আসিব।
- ৩। কোন অবস্থাতেই কোর্সের মেয়াদ বৃদ্ধি অথবা কোর্স পরিবর্তন করার জন্য আবেদন করিব না।
- ৪। প্রশিক্ষণ/শিক্ষা প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক কোর্সের সাথে সম্পৃক্ত যে কোন কাজ করিতে বাধ্য থাকিব এবং দেশের/প্রতিষ্ঠানের শৃংখলা পরিপন্থী কোন কাজ বা আচরণ করিব না।
- ৫। পিএইচডি ডিগ্রী সাফল্যের সাথে সমাপ্তে সরকারী নিয়ম মোতাবেক ৪ (চার) বৎসর আমার স্ব প্রতিষ্ঠানে চাকুরী করিতে বাধ্য থাকিব, অন্যথায় আমি অথবা আমার অভিভাবক/দায়িত্বশীল ব্যক্তি টাঃ ২,০০,০০০/- (টাকা- দুই লক্ষ) মাত্র নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর অনুকূলে ফেরৎ দিতে বাধ্য থাকিব/থাকিব।
- ৬। যদি চাকুরীতে যোগদানের পর ২ (দুই) বৎসরের মধ্যে চাকুরী ছাড়িয়া দিতে বা অন্য কোথাও চলিয়া যাইতে চাই, তাহা হইলে ১ (এক) বৎসরের বেতন-ভাতাদি এবং বন্ডে উল্লেখিত সমুদয় টাকা বিএআরসি এর অনুকূলে ফেরৎ দিতে বাধ্য থাকিব/থাকিব।
- ৭। উল্লেখিত সময় অতিবাহিত হইবার পর বন্ডের মেয়াদের মধ্যে চাকুরী ছাড়িয়া দিতে চাহিলে বন্ডের মেয়াদের সাথে সঞ্জতিপূর্ণভাবে বন্ডে উল্লেখিত টাকার আনুপাতিক হারে ফেরৎ দিতে বাধ্য থাকিব/থাকিব।
- ৮। নির্ধারিত ডিগ্রী অর্জনে ব্যর্থ হইলে উপরের বর্ণিত নিয়মে চাকুরীর মেয়াদ পূর্ণসহ বর্ণিত আর্থিক ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিব/থাকিব।

- ৯। কোর্সে অধ্যয়নের সময়ে ৬ (ছয়) মাস অন্তর অন্তর সংশ্লিষ্ট সুপারভাইজারের মাধ্যমে কোর্স ও গবেষণা কাজের অগ্রগতির প্রত্যয়ন পত্র বৃত্তিধারী সংস্থা/কর্মরত ইনস্টিটিউটে দাখিল করিব।
- ১০। অবশ্যই গবেষণার অভিসন্দর্ভ (থিসিস) এর কপি বিএআরসি এবং স্ব ইনস্টিটিউটের প্রশিক্ষণ শাখায় জমা দিতে বাধ্য থাকিব।
- ১১। এতদ্ব্যতীত এওয়ার্ড লেটার এ বর্ণিত অন্যান্য শর্ত অনুসরণ করিতে বাধ্য থাকিব।

আমরা নিম্নস্বাক্ষরকারীগণ প্রত্যয়ন করিতেছি যে, বর্ণিত শর্তসমূহ পড়িয়া বুঝিয়া এবং মর্ম অনুধাবন করিয়া অন্যের বিনা প্ররোচনায় স্বজ্ঞানে স্বেচ্ছায় স্বাক্ষরদান করিলাম।

.....  
(অভিভাবক/দায়িত্বশীল ব্যক্তির স্বাক্ষর)

.....  
(বৃত্তি প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর)

**সাক্ষীগণঃ**

১। নামঃ .....

১। নামঃ .....

পিতার নামঃ .....

পিতার নামঃ .....

পুরা ঠিকানাঃ .....

পুরা ঠিকানাঃ.....

.....  
প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ও সীলমোহর

বিঃ দ্রঃ টাকা ৩০০.০০ (টাকা- তিনশত) মাত্র নন জুডিশিয়াল স্ট্যাম্প প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের সম্মুখে সম্পাদন করিতে হইবে।